

# নাড়ির টান

রুচিরা শ্যাম

যে চারা আবাল্য ছিল আমার উঠোনে প্রতিবেশী  
আজ বহুকাল পরে দেখি সে যে বৃক্ষ হয়ে গেছে  
আমাকে সে ছায়া দিয়ে ইঞ্জিতে বলেছে - এসো বসো  
তুমি আর শিশু নও বয়োবৃদ্ধ আমারই মতন।  
আজ কতকাল পরে ফিরে তুমি এসেছো বাড়িতে  
ছিলে পরবাসে আর শূনেছি সেখানে ছিল সাথী  
সে আজ কোথায় তুমি একা কেন মন খুলে বলো  
সেই চুপিসার ভাষা আমি ঠিক বুঝে নিতে পারি।  
আমি বৃক্ষ তাই তুমি আমার শিকড়ে খুঁজে পাবে  
তোমার নাড়ির টান এ মাটিতে জন্মেছি দুজনে।  
মাটি যদি দুজনকে ধরে রাখে মায়ের আদরে  
তবে তো আমরা মিলে মিশে যেতে পারি অনুভবে।